

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.hajj.gov.bd

স্মারক নং- শাঃ ৩/৬-৩৬৭/২০০৫/৩৪৫

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৫  
০৩ মার্চ ২০১৯

প্রজ্ঞাপন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স Keranigonj Hajj Travels & Tours (H.L. NO-367), Mukti Bhabamn (2<sup>nd</sup> Floor), 21/1, Purana Paltan, Dhaka-1000 এর অংশীদার হিসেবে ২০১৮ সালে বেসরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রম পরিচালনা করেছেন ;

০২। যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ মোতাবেক লিখিত অঙ্গীকারাবদ্ধ ছিলেন ;

০৩। যেহেতু আপনার এজেন্সীর মাধ্যমে হজে গমনকারী এবিএম মিজানুর রহমান গং কর্তৃক কাউন্সেলর (হজ), মক্কা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন :

০৪। “আমাদেরকে আনুমানিক ৩/৪ কিলোমিটার দূরে দোর-ই-খুদাই নামক স্থানে একটি পরিত্যক্ত বাড়িতে রাখে এবং ১০ দিন পর দাখিলা রোডে আরো একটি পরিত্যক্ত বাড়িতে নিয়ে আসে যাতে রাত্রি বেলায় সাপ পাওয়া যায়। এ ঘটনা ঘটে গত ২৮/০৮/০২০১৮ তারিখে। পরবর্তীতে সারারাত বাহিরে রাখে এবং পরদিন মেইনরোডে একটি বাড়িতে কোনভাবে থাকার ব্যবস্থা করে। শুরু থেকেই নিম্নমানের খাবার পরিবেশন করছে। যা এখনো বলবৎ আছে। অশু প্রতিকার কামনা করছি। আলাদা রুম দেবে বলে আমার কাছ থেকে ৮০০ রিয়েল নিয়েছে এবং বলেছে ফেরত দেবে কিন্তু অদ্যাবধি ফেরত দেয়নি”।


০৫। যেহেতু উক্ত অভিযোগের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.২ এ বর্ণিত উপায়ে গঠিত তদন্ত কমিটির মাধ্যমে অভিযোগকারী এবং এজেন্সীর মালিক/প্রতিনিধির উপস্থিতিতে উভয় পক্ষের শুনানী গ্রহণ করে অভিযোগের বিষয়ে তদন্ত করানো হয়েছে ;

০৬। যেহেতু Keranigonj Hajj Travels & Tours (H.L. NO-367), এজেন্সীর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে ;

০৭। যেহেতু এ মন্ত্রণালয়ের ১৭/১২/২০১৮ তারিখের স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.২৭.০০২.১৮-১৩৭০ মূলে আপনার এজেন্সির বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.১ (ক) ও (খ) অনুযায়ী কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না ০৭ (সাত) দিনের মধ্যে তার কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়;

০৮। যেহেতু আপনি ২৩/১২/২০১৮ তারিখে লিখিত জবাব দাখিল করেছেন এবং জবাবে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডন করার মত কোনো তথ্য/প্রমাণ দাখিল করতে পারেননি, হাজীগণকে প্রয়োজনীয় সুযোগ-সুবিধার প্রতিশ্রুতি দেয়া সত্ত্বেও তা রক্ষা করেননি, হাজীগণ আবাসন ও খাওয়া-দাওয়ায় কষ্ট পেয়েছেন, এ জন্য আপনার জবাব গ্রহণ যোগ্য নয় ;

০৯। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৮ এর ২৩.২ (গ) মোতাবেক আপনার পরিচালিত Keranigonj Hajj Travels & Tours (H.L. NO-367), Mukti Bhabamn (2<sup>nd</sup> Floor), 21/1, Purana Paltan, Dhaka-1000 এর ‘হজ লাইসেন্স ৩ (তিন) বছরের জন্য স্থগিত’ করা হল।


  
০৩.০৩.১৯  
মোঃ শিক্কার আহমদ উচ্ছমানী  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫৩০৭  
e-mail: morahajsection@gmail.com

জনাব মোস্তফা কামাল আজাদী  
অংশীদার

Keranigonj Hajj Travels & Tours (H.L. NO-367),  
Mukti Bhabamn (2<sup>nd</sup> Floor), 21/1, Purana Paltan, Dhaka-1000.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (এ এজেন্সির বিদ্যমান প্রাক-নিবন্ধন, নিবন্ধন সিস্টেম বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ এবং এ এজেন্সির বিদ্যমান প্রাক-নিবন্ধন, নিবন্ধন সিস্টেম বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯. জনাব.....
১০. অফিস কপি।



মোঃ শিক্বির আহমদ উছমানী  
সিনিয়র সহকারী সচিব